

# সমকাল

## ৬২৬টি কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলা হবে: শিক্ষা উপমন্ত্রী

১২ ঘণ্টা আগে

খুলনা ব্যুরো

---



খুলনা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বক্তব্য রাখেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী - সমকাল

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন, সরকার কারিগরি শিক্ষাকে ঢেলে সাজিয়েছে। এ জন্য দেশের বিভিন্ন এলাকায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৬২৬টি কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তোলা হবে। তিনি শনিবার বিকেলে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে খুলনা জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান এবং শিক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

খুলনা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

শিক্ষা উপমন্ত্রী আরও বলেন, সরকার মাদক ও দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষণা করেছে। কোনো শিক্ষক শিক্ষাপ্রতিষ্ঠানে যৌন হয়রানি করলে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এ সময় শিক্ষার গুণগত মানোন্নয়নে শিক্ষক, পরিচালনা পর্যদ ও শিক্ষার সঙ্গে জড়িত সংশ্লিষ্টদের এগিয়ে আসার আহ্বান জানান শিক্ষা উপমন্ত্রী।